W.B. Form No. 27

ONDA POLICE STATION BANKURA

# FIRST INFORMATION REPORT

03916

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Sadar P.S. Onda Year 2024 FIR No 58/24 Date 01/3/24
2. (i) Act IPC Sections 448/323/354/506/34 IPC Act Sections
   (iii) Act Sections Other Acts & Sections
3. (a) General Diary Reference : Entry No. 24 Time At 11.05 hrs.
   (b) Occurrence of Offence : Day Sunday Date 18/02/24 Time At 10.00 hrs.
   (c) Information Received Date 01/3/24 Time At 11.05 hrs.
   G.D. No. 24 at the Police Station :
4. Type of information : Written / Oral Written type Court Complaint Forwarded by Ld. CJM Court BNK
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. Approx 16 K.M. South Side from PS.
   (a) Address Chhagulia Mauja village - Chhagulia PS - Onda, Dist - Bankura, JL No - 164 Anchal No - IX
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint / Information :
   (a) Name Anita Ghosh (Forwarded by Ld. CJM Court Bankura)
   (b) Father's / Husband's Name W/o Samir Kr. Ghosh
   (c) Date / Year of Birth Not Noted
   (d) Nationality Indian
   (e) Address Village - Chouryabad P.O. - Chhagulia, PS - Onda, BNK.
7. Details of Known / Suspected / Unknown / Accused with full particulars (1) Subhas Mandal S/o - Lt. Anath Bandhu Mandal
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant (2) Sukumar Mandal S/o - do - (3) Buddhadeb Mandal S/o - do - (4) Dipak Mandal S/o Anath Bandhu Mandal (5) Peu Mandal W/o Dipak Mandal (6) Manika Mandal W/o Haradhan
9. Particulars of properties stolen / involved : (attach seperate sheet, if required) : Mandal (7) Tumpa Mandal W/o Santi Mandal (8) Santi Mandal S/o Sudhir Mandal all are of village Chouryabad P.O. - Chhagulia PS - Onda, Bankura. (9) Jiten Dey S/o Asoke Dey (10) Asoke Dey S/o Not Noted. both of village Amarpur P.O. - Chhagulia, PS - Onda, BNK.
10. Total value of Properties stolen / Involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate Sheet, if required) The original written Court Complaint of the Complainant which is treated as FIR is attached here with.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 448/323/354/506/34 IPC

registered the case and tookup the investigation / directed ASI. Nirmal Kr. Sarpathi ~~SI Tarun Kr Bag~~ (signature) 01/3/24 to take up the investigation

transferred to P.S. on point of jurisdictioin. FIR read over to the complaint / informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Officer-in-Charge ONDA P. S. BANKURA

(signature) 01/3/24 Officer-in-Charge ONDA P.S. BANKURA

The original signature available the original written Complaint.

Signature / Thumb Impression of the Complainant / Informant

Signature of the officer-in-charge, Police Station with

Name : Bidyut Paul

Rank : SI of Police

Number if any : OC Onda PS. 01/3/24.

In the Court of Ld. Chief Judicial Magistrate, Bankura.

Case No.........16../2024.

অনিতা ঘোষ, স্বামী- সমীর কুমার ঘোষ, পিতা -ঁকালীপদ মন্ডল
পিত্রালয় সাকিম - চাউল্যাবাদ, পোঃ - ছাগুলিয়া,
থানা - ওন্দা, জেলা -বাঁকুড়া ।

==============বাদীনি ।

বনাম

১) শ্রী সুভাষ মন্ডল, পিতা -ঁ অনাথ বন্ধু মন্ডল,
২) শ্রী সুকুমার মন্ডল, পিতা -ঁ অনাথ বন্ধু মন্ডল,
৩) বুদ্ধদেব মন্ডল, পিতা -ঁ অনাথ বন্ধু মন্ডল,
৪) দীপক মন্ডল, পিতা -ঁ অনাথ বন্ধু মন্ডল,
৫) পিউ মন্ডল স্বামী দীপক মন্ডল
৬) মনিকা মন্ডল স্বামী হারাধন মন্ডল
৭) টুম্পা মন্ডল, স্বামী শান্তি মন্ডল
৮) শান্তি মন্ডল পিতা সুধীর মন্ডল

সর্ব্বসাকিম- চাউল্যাবাদ, পোঃ- ছাগুলিয়া, থানা- ওন্দা, জেলা -বাঁকুড়া ।

৯) জিতেন দে, পিতা অশোক দে
১০) অশোক দে পিতা অজ্ঞাত

সর্ব্বসাকিম- অমরপুর পোঃ- ছাগুলিয়া, থানা- ওন্দা, জেলা- বাঁকুড়া

================== আসামীগন ।

Received written comp... on 01/3/24 at 11.05 ... Started Onda PS ... 58/24 dt. 01/3/24 ... 448/379/354/506 ...
01/3/2...
Officer-in-Ch...
ONDA P...
BANKU...

**বাদীনি পক্ষে ভারতীয় ফৌজদারী কার্য বিধি আইনের ১৫৬(৩) ধারা মোতাবেক অত্র দরখাস্ত ওন্দা থানায় প্রেরণ পূর্ব্বক F.I.R. গণ্য মতে অত্র আসামীগনের বিরুদ্ধে নির্দ্দিষ্ট ধারায় মোকর্দ্দমা রজু করার প্রার্থনায় দরখাস্ত ঃ**

নিবেদন এই যে -

বাদীনি ওন্দা থানা অন্তর্গত ছাগুলিয়া মৌজায় ১২৬০ নং খতিয়ান ভুক্ত ৬৪৬ ও ৬৪৭ নং দাগে ৪.১৪ একর সম্পত্তি তাহার পৈত্রিক সুত্রে প্রাপ্তিয় সম্পত্তি মালিক বিধায় ভোগদখল করিতেছেন । বাদীনি ও তাহার অন্যান্য ভাই-বোনদের অজ্ঞাতে ১নং ও ২নং আসামী উক্ত সম্পত্তি বেশ কিছু জাল নথিপত্র তৈরী করে অসাধু উপায়ে উপযুক্ত সরকারি অফিসের

কর্তৃপক্ষের নিকট দাখিল মতে কালিপদ মন্ডলের যোগ্য উত্তরাধীকারীগনকে বঞ্চিত করিবার কু মানসে সম্পত্তি বে-আইনী ভাবে তঞ্চকতা পুর্ব্বক সরকারী লোকজনদের ভুল বুঝাইয়া তাহা তাহাদের নিজ নিজ নামে জাল ও ভ্রমাত্মক বর্গা রেকর্ড হাসিল করিয়া থাকে । বাদীনি উপরোক্ত ঘটনার কথা জানতে পারিয়া বি.এল.আর.ও অফিসে জানতে গেলে সেখান থেকে কোনো সদুত্তর পান না । গত ইং ১৮/০২/২০২৪ তারিখে সকাল ১০ টা নাগাদ বাদীনির সম্পত্তিতে উপরোক্ত আসামীগন বেআইনী ভাবে প্রবেশ করিয়া বাদীনির অজ্ঞাতে তাহাদের রোপিত সরিষা কাটিয়া চুরি করিয়া লইয়া যায় । যাহাতে পার্শ্ববর্তী আমবাড়ি থেকে কিছু ভাড়া করা শ্রমিক সহযোগিতা করে । উপরোক্ত সরিষার আনুমানিক মূল্য প্রায় এক লক্ষ টাকা । উপরোক্ত সরিষা বুদ্ধদেব মন্ডলের প্রত্যক্ষ প্ররোচনায় তাহার আত্মীয় ৯ নং ও ১০ নং আসামীগন গাড়ি করে তাদের বাড়িতে মজুত করে । বাদীনি উপরোক্ত ঘটনার কথা জানতে পারিয়া বাধা দিতে গেলে উপরোক্ত আসামীগন বাদীনিকে ঘিরিয়া ধরিয়া শারিরিক নির্যাতন করেন এবং অশ্লীল ভাষায় গালিগালাজ করিতে থাকেন । উপরোক্ত ৯ নং ও ১০ নং আসামীগন হাত দিয়ে শরীরে ধাক্কা দিয়ে বাদীনিকে ঠেলে ফেলে দেন যাহাতে বাদীনির শ্লীলতাহানী হয় । চিৎকার চেঁচামেচিতে লোকজন আসতে দেখে উপরোক্ত আসামীগন 'লাশ ফেলে দেবো' বলে প্রানে মারার হুমকি দেয় এবং থানা পুলিশ কেউ কিছু করতে পারবে না বলে শাসিয়ে যায় । প্রকাশ থাকে যে ইতিপুর্বে উপরোক্ত আসামীগন বাদীনির নামিত সম্পত্তিতে তাহাদের রোপিত ধান কাটিয়া লইবার চক্রান্ত করিলে বাদীনি সদর মহকুমা আদালতের আদেশ মোতাবেক রোপিত ধান কাটিয়া খামারজাত করিয়া পরবর্তি সরিষা রোপন করেন ।

উক্তরূপ ঘটনায় বাদীনি মানসিক ভাবে প্রচন্ড ভেঙ্গে পড়ে । বারংবার বাদীকে মানসিক ও শারিরিক ভাবে হেনস্থা করায় বাদীর বাড়ীর লোকজন অতিশয় ভীত সন্ত্রস্ত হয়ে পড়েন এবং তাহারা বাইরে যেতে প্রান সংসয় বোধ করেন।

বাদীনি উক্ত ঘটনা ও পূর্বের ঘটনার কথা বারংবার ওন্দা থানায় জানায় এবং পরবর্তি সময় মাননীয় S.P. বাঁকুড়া মহাশয়কে অভিযোগ দেন পরন্তু উক্ত অভিযোগের এতক কোন ব্যবস্থা গৃহীত না হওয়ায় অত্র বাদী আদালতের দারস্থ হইলেন।

অত্র বাদীনি একজন আইন মান্যকারী শান্তিপ্রিয় মহিলা অপরপক্ষে অত্র আসামীগন প্রতারক ও দুষ্ট প্রকৃতির মানুষ । তাছাড়া অত্র আসামীগন জমি সংক্রান্ত ব্যবসার সাথে যুক্ত থাকায় এবং আসামীগনের অর্থবল ও প্রভাবপত্তি থাকায় তাহাদের বিরুদ্ধে সাক্ষ্য প্রমানাদি জোগাড় করে মোকর্দ্দমা পরিচালনা করা সম্ভব নয়, সেকারনে অত্র দরখাস্ত ভারতীয় ফৌজদারী কার্য্য বিধি আইনের ১৫৬(৩) ধারা মতে ওন্দা থানায় পাঠিয়ে উপযুক্ত ধারায় মোকর্দ্দমা রজু করার আদেশ হওয়া আবশ্যক, অন্যথায় অত্র বাদীনি ন্যায় বিচার থেকে বঞ্চিত হবেন ।

**প্রার্থনা -**

উপরোক্ত বিবরন ও হেতু মূলে এক্ষনে বাদীনির প্রার্থনা যাতে বাদীনির অত্র দরখাস্ত গ্রহন পুর্ব্বক ওন্দা থানায় প্রেরণ করতঃ. থানা কর্তৃপক্ষকে অত্র আসামীর বিরুদ্ধে নির্দ্দিষ্ট ধারায় মোকর্দ্দমা রজু করার আদেশ দানে মর্জ্জি হয়।

**সত্যপাঠ**

অত্র দরখাস্তের সমস্ত বিবরন সমুহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য কোন অংশ মিথ্যা নহে। অত্র সত্যপাঠে নিজ নাম সহি করিলাম।

**সহি-**

**এফিডেভিট**

অনিতা ঘোষ, স্বামী- সমীর কুমার ঘোষ, পিতা - কালীপদ মন্ডল পিত্রালয় সাকিম - চাউল্যাবাদ, পোঃ - ছাগুলিয়া,থানা - ওন্দা, জেলা -বাঁকুড়া ধর্ম্মত প্রতিজ্ঞা পুর্ব্বক কহিতেছি যে, অত্র দরখাস্তের সমস্ত বিবরণ সমুহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য । কোন কথা গোপন করা হয় নাই । কোন কথা মিথ্যা কহিত হয় নাই । আমি দরখাস্তের সমস্ত বিবরণ শুনিয়া ও বুঝিয়া অদ্য এফিডেভিটে আমি বাঁকুড়া কাছারি মোকামে নিজ নাম সহি করিলাম।

**সহি-**